**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 30-12-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

**C.M. Blankets Distribution:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জানিয়েছেন যে গ্রুপ ডি পদের জন্য অফারগুলি খুব শীঘ্রই প্রকাশ করা হবে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন যে রাজ্য সরকার গ্রামীণ অঞ্চলে মহিলাদের ক্ষমতায়নের জন্য কাজ করছে এবং যুবকদের স্বনির্ভর করার প্রচেষ্টা শুরু করেছে। গতকাল আগরতলার বড়দোয়ালি বিধানসভা কেন্দ্রের ৪০ নম্বর ওয়ার্ডের তালতলা এলাকায় শীতবস্ত্র বিতরণ কর্মসূচীতে অংশ নিয়ে এ কথা বলেন ডা. মানিক সাহা।

তিনি বলেন, "প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর তত্ত্বাবধানে রাজ্য সরকার মহিলাদের সামগ্রিক উন্নয়নের জন্য কাজ করছে। তাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নেও বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। এর পাশাপাশি বেকার তরুণদের স্বাবলম্বী করার উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি বলেন,

২০১৮ সালে আমাদের সরকার ক্ষমতায় আসার পর ত্রিপুরার চেহারা ধীরে ধীরে বদলে যাচ্ছে। 'পূবে তাকাও' নীতির মাধ্যমে উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়নে বিশেষ গুরুত্ব দিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। . সার্বিক উন্নয়নেই গুরুত্ব দেওয়া হয়েছে । এখন জাতীয় মহাসড়ক থেকে শুরু করে ইন্টারনেট, রেলপথ, বিমান পথ এবং জলপথ সবকিছুরই উন্নতি হচ্ছে। প্রধানমন্ত্রীর হীরা মডেল থেকে আমরা অনেক উপকৃত হয়েছি। বর্তমান রাজ্য সরকার উন্নয়নের লক্ষ্যে কাজ করছে, বলেন মুখ্যমন্ত্রী।

মুখ্যমন্ত্রী আরও বলেন যে সরকার গ্রামীণ এলাকার মহিলাদের স্বনির্ভর করার জন্য কাজ করছে।

*****************

**PM:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, সংবিধান হল জাতির পথপ্রদর্শক এবং এটা অত্যন্ত সম্মানের বিষয় যে আগামী ২৬ জানুয়ারি ভারতীয় সংবিধান ৭৫ বছর পূর্ণ করবে। গতকাল আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে শ্রী মোদি আরো বলেন, এ বছর সংবিধান দিবস উপলক্ষে সারা বছরব্যাপী অনেক কর্মসূচী গ্রহণ করা হয়েছে। প্রধানমন্ত্রী উল্লেখ করেন, সংবিধানের উত্তরাধিকারের সাথে নাগরিকদের মেলবন্ধন করতে একটি বিশেষ ওয়েবসাইট constitution75.com তৈরি করা হয়েছে। প্রধানমন্ত্রী মন কি বাতের শ্রোতা, শিশু ও যুবকদের এই ওয়েবসাইট দেখার আহ্বান জানিয়েছেন। মন কি বাত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শ্রী মোদি আরো বলেন, আগামী ১৩ই জানুয়ারি থেকে প্রয়াগরাজে অনুষ্ঠিত হতে চলেছে মহা কুম্ভ। এই মহাকুম্ভের বৈশিষ্ট্য এর বিশালতাতেই শুধু নয়, এর বৈচিত্র্যও রয়েছে। বহুত্বের মধ্যে একতার এই দৃশ্য বিশ্বের আর কোথাও দেখতে পাওয়া যায় না। শ্রী মোদি মহা কুম্ভে অংশগ্রহণ করার সময় জনগণকে ঐক্যের চেতনা গ্রহণ করার আহ্বান জানান।

প্রধানমন্ত্রী শ্রী মোদী  আরো বলেন, প্রথমবারের মতো বিশ্ব অডিও ভিস্যুয়াল এন্টারটেইনমেন্ট সামিট তথা ওয়েভস সামিট, আগামী বছর ভারতে অনুষ্ঠিত হবে। এই ওয়েভস সামিটে মিডিয়া এবং বিনোদন শিল্পের বড় বড় প্রতিষ্ঠান এবং সৃজনশীল ব্যাক্তিত্বরা ভারতে আসবেন। তিনি বলেন, মন কি বাত এখন দেশের সামাজিক শক্তির জীবন্ত দলিল হয়ে উঠেছে। ২০২৫ দ্বার প্রান্তে। আগামী বছর মন কি বাতের মাধ্যমে আরো অনুপ্রাণিত প্রয়াসগুলি বিনিময় করা হবে বলে প্রধানমন্ত্রী আশা ব্যক্ত করেন।

*********************

**Man ki baat C.M(2)     .**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল মান্দাইস্থিত মাইলুমা স্কুল মাঠে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মন কি বাত শোনেন। উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপির সাধারণ সম্পাদক বিপিন দেববর্মা।

এখানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেন, জনগণের সার্বিক কল্যাণে নিরন্তর কাজ করছে রাজ্যের বর্তমান সরকার। মানুষের প্রয়োজনের কথা ভেবেই কাজ করছে সরকার। বর্তমান সরকার দায়িত্ব নেওয়ার পর এখন পর্যন্ত প্রায় ১৩ হাজারের অধিক সরকারি চাকরি প্রদান করা হয়েছে। খুব সহসাই গ্রুপ ডি চাকরির জন্য অফার দেওয়া হবে।

এদিন মান্দাই সফরকালে এই এলাকার জনজাতি সমাজপতিদের সাথে এক মতবিনিময় সভায় অংশ নিয়ে তাঁদের বিভিন্ন মতামত সম্পর্কে অবগত হন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা।

****************

**Central Minister.**

কেন্দ্রীয় ভোক্তা সুরক্ষা ,খাদ্য এবং নবায়নযোগ্য শক্তি মন্ত্রী প্রহ্লাদ যোশী গত দুদিনের রাজ্য সফরকালে নানা কর্মসূচিতে অংশ নেন।

গতকাল কেন্দ্রীয়মন্ত্রী চড়িলামের বড়কুবাড়ি গ্রামে একটি পুনর্নবীকরণযোগ্য শক্তি প্রকল্প পরিদর্শন করেন । মন্ত্রী শ্রী যোশী জানান, পিএম-কুসুম প্রকল্পের সফল বাস্তবায়নেরর ফলে কৃষকরা দুই ফসল উৎপাদন করতে সক্ষম হচ্ছেন, এবং কৃষকদের আয় দ্বিগুণ হয়েছে। এফসিআই দুই বছরের মধ্যে ৭০,০০০ মেট্রিক টন অতিরিক্ত ক্ষমতার মজুত ভান্ডার নির্মাণ করে ত্রিপুরায় মজুত ক্ষমতা দ্বিগুণ করার লক্ষ্য নিয়েছে।

কেন্দ্রীয় মন্ত্রী প্রহ্লাদ যোশী আরও জানান, গত পাঁচ বছরে ত্রিপুরায় ৩৬০ কোটি টাকা মূল্যের প্রায় ১ লক্ষ ২০ হাজার মেট্রিক টন ন্যূনতম সহায়ক মূল্যের চাল ক্রয় করা হয়েছে, যার ফলে প্রায় ৯৪ হাজার কৃষক উপকৃত হয়েছেন। পুনর্নবীকরণযোগ্য

শক্তি ক্ষেত্রে সাফল্যের কথা উল্লেখ করে মন্ত্রী বলেন, দেশের মোট পুনর্নবীকরণযোগ্য শক্তি উৎপাদন ক্ষমতা ২১৪ গিগাওয়াট-এ পৌঁছে ভারত একটি গুরুত্বপূর্ণ মাইলফলক অর্জন করেছে। জাতীয় সবুজ হাইড্রোজেন পরিযোজনা, পিএম-কুসুম, পিএম সূর্য ঘর মুফত বিজলি যোজনা এবং সৌর বিদ্যুতের জন্য পিএলআই প্রকল্পের মতো উদ্যোগের মাধ্যমে ভারত ২০৩০ সালের মধ্যে ৫০০ গিগাওয়াট বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা অর্জনের লক্ষ্যে এগুচ্ছে। শ্রী যোশী প্রধানমন্ত্রী সূর্য ঘর যোজনা ব্যবহার সম্পর্কে জনসচেতনতা ছড়িয়ে দেওয়ার উদ্যোগ নেওয়ারও আহ্বান জানান।

পুনর্নবীকরণযোগ্য শক্তি ক্ষেত্রে রাজ্য সরকারের উদ্যোগের প্রশংসা করে শ্রী যোশী বলেছেন , ত্রিপুরা সরকার পুনর্নবীকরণযোগ্য শক্তি ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি করে চলেছে ।

******************

**Meyor Deepak Majumder :**

আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার জানান, অনুমতি না নিয়ে পুর নিগম এলাকায় বিজ্ঞাপন লাগালে আইনত পদক্ষেপ নেওয়া হবে। গতকাল শ্রী মজুমদার দুর্গা চৌমুহনী বাজারে সাংবাদিকদের জানান, স্মার্ট সিটি প্রকল্পে আগরতলা শহরকে সুন্দর করে সাজিয়ে তোলার জন্য পুর নিগম উদ্যোগ নিয়েছে। সম্প্রতি নিগমের অনুমতি না নিয়ে একটি সিমেন্ট কোম্পানির বিজ্ঞাপন শহর তথা সারা রাজ্যকে ঢেকে দিয়েছিল। পুর নিগম সংস্থাকে চার লক্ষ টাকা জরিমানা করে। তবুও অনুমতি না নিয়ে বিজ্ঞাপন লাগানো বন্ধ হচ্ছে না। জনগণকে প্রভাবিত করতে গিয়ে যারাই এসব বিজ্ঞাপন লাগাচ্ছে, তাদেরকে সিসি ক্যামেরার মাধ্যমে চিহ্নিত করে তাদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে বলে মেয়র জানিয়েছেন।

*********************

**Weather .**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ অংশত মেঘলা থাকবে। সকালে দিকে কুয়াশা ছিল।  আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৩.৮ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৭ ডিগ্রির কাছাকাছি।

**************************

********************